

# মুগ্ধত্ব

## জিপিএ-৫ ও পাসের হারে এবারও এগিয়ে মেয়েরা

👤 যুগান্তর প্রতিবেদন

⌚ ২৮ জুলাই ২০২৩, ১৫:৫৫:০৮ | অনলাইন সংক্ষরণ



মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমানের পরীক্ষার ফল ঘোষণা করা হয়েছে। এ বছরের ফলেও ছাত্রদের চেয়ে ভালো করেছে ছাত্রীরা। পাসের হার ও জিপিএ-৫ দুটিতেই এগিয়ে মেয়েরা।

শুক্রবার বেলা ১১টা শিক্ষামন্ত্রী দীপু মনি আনুষ্ঠানিকভাবে ফলের বিস্তারিত তুলে ধরেন।

প্রাপ্ত ফল অনুযায়ী, এবারের এসএসসি-সমমানের পরীক্ষায় অংশ নিয়েছেন ২০ লাখের বেশি শিক্ষার্থী। তাদের মধ্যে ছেলে ১০ লাখ ৯ হাজার ৮০৩ জন ও মেয়ে ১০ লাখ ৩১ হাজার ৬৪৭ জন। পরীক্ষার্থীদের মধ্যে পাস করেছেন ১৬ লাখ ৪১ হাজার ১৪০ জন।

তাদের মধ্যে মেয়ে ৮ লাখ ৪৪ হাজার ৭৩৬ জন ও ছেলে ৭ লাখ ৯৬ হাজার ৪০৮ জন।

এবারের এসএসসি ও সমমানের পরীক্ষায় গড় পাসের হার ৮০ দশমিক ৩৯ শতাংশ। আর   
 🔔 দের পাসের হার ৭৮ দশমিক ৮৭ শতাংশ ও মেয়েদের পাসের হার ৮১ দশমিক ৮৮ শতাংশ।

চলতি বছর জিপিএ-৫ পেয়েছেন ১ লাখ ৮৩ হাজার ৫৭৮ জন। তাদের মধ্যে মেয়ে ৯৮ হাজার ৬১৪ জন ও ছেলে ছেলে ৮৪ হাজার ৯৬৪ জন।

গত বছরও জিপিএ-৫ ও পাসের হারে এগিয়ে ছিল মেয়ে শিক্ষার্থীরা।

---

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯  
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,  
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও  
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023

